স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট "আইওলিন"
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল**, খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই বৈশাখ বুধবার, ১৩৭১ ইংরাজী 29th April. 1964 { ৪৬ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sonar

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার

ভারতে শ্রেষ্ঠতা ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA & PUBS

**অমিয় মেডিকাল কোম্পানী, অরঙ্গাবাদ**

সুবিধা দরে ঔষধ পাইবার একমাত্র প্রতিষ্ঠান। বিঃ দ্রঃ—জঙ্গিপুর মহকুমার খ্যাতনামা চিকিৎসক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি-বি-এস, ডি-টি-এম (কলিঃ), ডি-জি-ও (ডবলিন), ডি-ও (লণ্ডন) প্রতি বুধবার আমাদের ফার্মেসীতে আসিয়া রোগী দেখিয়া থাকেন। জিয়াগঞ্জ মহিলা হাসপাতালের যাবতীয় ঔষধ পাইবেন।

বিনীত—অমিয়কুমার দাস।

**সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে**
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব ঃ— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৬ই বৈশাখ বুধবার সন ১৩৭১ সাল।

## অতিথি নিয়ন্ত্রণ আদেশ

—০—

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত একটি প্রেস নোটে বলা হইয়াছে যে আগামী ১১ই মে হইতে ১৯৬৪ সালের পশ্চিমবঙ্গ অতিথি নিয়ন্ত্রণ আদেশ রাজ্যের সকল পৌর এলাকায় বলবৎ হইবে। এই আদেশ অনুযায়ী এক ব্যক্তি ৫০ জনের অধিক ব্যক্তিকে একটি সাধারণ অনুষ্ঠানে এবং ১০০ জনের অধিক ব্যক্তিকে বিবাহ অথবা শ্রাদ্ধ অনুষ্ঠানে ব্যবহারের জন্য চাল, গম, চিনি ও এই সকল দ্রব্য হইতে প্রস্তুত খাদ্যদ্রব্য বিতরণ করিতে পারিবেন না। অবশ্য বিস্কুট, কেক ও প্যাষ্ট্রী বিতরণ করা চলিবে। এই আদেশ অবশ্য বিভিন্ন রাষ্ট্র দূতালয়-গুলির অনুষ্ঠানের ক্ষেত্রে বলবৎ হইবে না। মন্দির মসজিদ গুরুদ্বার চার্চ ও অন্যান্য ধর্ম্ম প্রতিষ্ঠানে 'ভোগ' অথবা 'প্রসাদ' বিতরণের ক্ষেত্রে এই আদেশ কার্য্যকরী হইবে না। আবাসিক প্রতিষ্ঠান-মূলক এবং ক্যাটারিং এর মালিক, ম্যানেজার প্রভৃতির ক্ষেত্রে এই আদেশ কার্য্যকরী হইবে না, যদি তাহারা কোনও বিশেষ অনুষ্ঠানের আয়োজন না করেন।

—

## বার্দ্ধক্য ভাতা

৬৫ বৎসর বয়সের বেশী বয়স্ক লোকদের জন্য মাসিক ২০, কুড়ি টাকা করিয়া বার্দ্ধক্য ভাতা দিবার কথা সরকার বিবেচনা করিয়াছেন। এই বাবদ যে অর্থ খরচ হইবে তাহার অর্দ্ধেক দিবে কেন্দ্রীয় সরকার এবং অর্দ্ধেক সংশ্লিষ্ট রাজ্য সরকারকে দিতে হইবে। কাহার কাহার এই ভাতা পাওয়ার যোগ্যতা আছে তাহা ঠিক করিবে রাজ্য সরকার।

—

## শ্রীপ্রীতিমান সরকার

শ্রীপ্রীতিমান সরকার এবৎসরের আই, এ, এস পরীক্ষায় কৃতিত্বের সহিত উত্তীর্ণ হইয়া মুর্শিদাবাদ জেলার মুখ উজ্জ্বল করিয়াছেন। তিনি স্থানীয় কৃষ্ণনাথ কলেজ স্কুল ও কৃষ্ণনাথ কলেজ এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিশেষ কৃতি ছাত্র। বর্ত্তমানে তিনি কলিকাতা প্রেসিডেন্সী কলেজের পদার্থ বিদ্যার অধ্যাপক। তাঁহার পিতা কৃষ্ণনাথ কলেজ স্কুলের অবসর প্রাপ্ত শিক্ষক, শ্রীযুক্ত নারায়ণবন্ধু সরকার বি-এ পরীক্ষায় স্বর্গত শ্যামা-প্রসাদ মুখোপাধ্যায়ের সতীর্থরূপে ইংরাজী অনার্সে প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অধিকার করিয়া-ছিলেন। তাঁহার জ্যেষ্ঠ পুত্র শ্রীসত্যবান বর্ত্তমানে কেন্দ্রীয় রাজস্ব বিভাগে আণ্ডার সেক্রেটারির পদে অধিষ্ঠিত আছেন। 'মুর্শিদাবাদ সমাচার'

—

## ধন্য অধ্যবসায়

সিউড়ীর শ্রীসরোজ সরকার ১৯২৬ সালে আই-এ পাশ করিয়া সিভিল কোর্টে চাকুরিতে প্রবেশ করেন। ৩৬ বৎসর পর অবসর গ্রহণের পর যুবকের উদ্যম লইয়া তিনি বি-এ পাশ করেন ৫৬ বৎসর বয়সে। পরে তিনি ছাত্রজীবন সুরু করেন। কলিকাতা বিশ্ব বিদ্যালয়ে আইন কলেজে পড়াশুনা করেন এবং এপ্রিল মাসে সম্মান ও যোগ্যতার সঙ্গে এল, এল, বি পাশ করিয়াছেন। এখন তিনি আইনের এম-এ ডিগ্রির জন্য প্রস্তুত হইতেছেন। ধন্য অধ্যবসায়। আমরা শ্রীসরকারের সাফল্য ও দীর্ঘ জীবন কামনা করি। 'ময়ূরাক্ষী'

—

## শুভ বিবাহ

গত ১৫ই বৈশাখ মঙ্গলবার বীরভূম জেলার সাঁইথিয়া নিবাসী বিশিষ্ট ব্যবসায়ী শ্রীনারায়ণপ্রসাদ চন্দ্র মহাশয়ের পুত্র শ্রীমান্ নবকুমারের সহিত রঘুনাথগঞ্জের ব্যবসায়ী শ্রীকেনারাম চন্দ্র মহাশয়ের কনিষ্ঠা কন্যা শ্রীমতী ইরার শুভ বিবাহ সুসম্পন্ন হইয়াছে। পাত্রীপক্ষ বহু বরযাত্রী ও নিমন্ত্রিত ভদ্রমহোদয়কে ভুরিভোজনে আপ্যায়িত করেন। আমরা ভগবৎসমীপে নবদম্পতির সুখ সমৃদ্ধিসহ দীর্ঘজীবন কামনা করি।

## পুরস্কার বিতরণী সভা

—০—

গত ১৮ই এপ্রিল সাগরদীঘি থানার অধীন সেখদীঘি জুনিয়র হাই স্কুলের পুরস্কার বিতরণী সভা এক মনোজ্ঞ পরিবেশের মধ্যে সুসম্পন্ন হইয়াছে। জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীবি, কে, রায় চৌধুরী মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করেন ও ছাত্র-ছাত্রীদের পুরস্কার দেন। মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট শ্রীআবদুশ সাত্তার সাহেব প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। প্রফেসর রেজাউল করিম, এম-এল-সি, শামশুদ্দিন আহমেদ, এম-এল-এ, বি-ডি-ও শ্রীশঙ্কর পাল ও আরও অনেকে এই সভায় ভাষণ দেন। ছাত্রছাত্রীদের আবৃত্তি ও ব্রতচারী সকলকে মুগ্ধ করে। স্কুলের শিক্ষক গোলাম মোস্তাফা সকলকে ধন্যবাদ জানান। সভার শেষে আবদুল করিম ও হোসেন আলীর গান ও বাজনা রাত্রি ৮ ঘটিকা পর্য্যন্ত চলে।

—

## পদ্মার জলে সীমান্তরক্ষী পুলিশের মৃতদেহ

—০—

বহরমপুর: রাণীনগর থানার কাহারপাড়া গ্রামের কাছে পদ্মার চরে ভারতীয় সীমান্ত রক্ষী পুলিশের এক ক্যাম্প হইতে নেপালী পুলিশকে গত ৬ই এপ্রিল রাত্রিতে না পাওয়া যাওয়ার জন্য উক্ত পুলিশ ক্যাম্পের হাবিলদার রাণীনগর থানায় এত্তেলা করে। পরের দিন উক্ত পুলিশ কনেষ্টবলের মৃতদেহ বাগে লাইনের অদূরে পদ্মা নদীতে ভাসিতে দেখা যায়। মৃত পুলিশটির দেহে বহু ধারাল অস্ত্রের আঘাত ছিল এবং তাহার গায়ে মাত্র একটি গেঞ্জী ছাড়া আর কিছুই ছিল না। মৃতদেহ উদ্ধার করিয়া ময়না তদন্তের জন্য প্রেরণ করা হয়। কি কারণে উক্ত সীমান্তরক্ষী খুন হইয়াছে তাহার জানিবার চেষ্টা চলিতেছে এবং কলিকাতা হইতে বিশেষ তদন্তকারী দল আসিয়াছে। আজ পর্য্যন্ত এই খুন সম্পর্কে কাহাকেও গ্রেপ্তার করার খবর পাওয়া যায় নাই। 'মুর্শিদাবাদ সমাচার'

—

## অনাহারে, অর্দ্ধাহারে, রোগগ্রস্থ ও জীর্ণবস্ত্রে ৬০০ উদ্বাস্তুর আগমন

বহরমপুর : রাজসাহী জেলা হইতে পদ্মা নদী অতিক্রম করিয়া নবাগত উদ্বাস্তুদের ভারতে আসা বর্ত্তমানে আরও কঠিন হইয়া উঠিলেও সম্প্রতি প্রায় ৬০০ নবাগত উদ্বাস্তু নরনারী বহু কষ্টে নদী পার হইয়া বামনাবাদে পৌছাইয়াছে। তাহাদের সহিত ময়মনসিং জেলা হইতে পলাতক বিশ জন উদ্বাস্তু নর-নারীও মুর্শিদাবাদ জেলায় আসিয়াছে। এই সমস্ত উদ্বাস্তুদের অনেকে দু'দিন অনাহারে অর্দ্ধাহারে কাটাইয়া জীর্ণবস্ত্রে বামনাবাদে পৌছায় এবং পথশ্রমে ও অনাহারে চলৎ শক্তিহীন হইয়া পড়ে। অনেকেই নিঃস্ব অবস্থায় ভারতে আসিয়াছে। বর্ত্তমানে জেলা কংগ্রেসের সাহায্যে বামনাবাদে যে ত্রাণ কার্য্য চলিতেছে, তাহা সময় সময় পাকিস্তান হইতে আগত উদ্বাস্তু সংখ্যার সহিত তাল রাখিতে পারিতেছে না বলিয়া জানা গিয়াছে। নবাগত নিঃস্ব এই সমস্ত উদ্বাস্তুদের জন্য বস্ত্রাদির বিশেষ প্রয়োজন আছে।

'মুর্শিদাবাদ সমাচার'

---

## শুধু 'পয়সা'

আগামী ১লা জুন হইতে 'নয়া পয়সাকে' শুধু 'পয়সা' বলা হইবে। এইজন্য অর্থদপ্তরের উপমন্ত্রী শ্রীমতী তারকেশ্বরী সিংহ আজ লোকসভায় ১৯৬৪ সালের ভারতীয় মুদ্রা (সংশোধন) বিলটি আনেন। টাকা থাকিলেও আনা-পাই আর নাই। তাই পয়সার প্রাগ্ ভূষণ 'নয়া' শব্দটি উঠিয়া যাইতেছে। তুলিয়া না লওয়া পর্য্যন্ত নূতন 'পয়সার' সঙ্গে 'নয়া পয়সা' বাজারে চালু থাকিবে। এই জন্যই সংশোধন বিলটি আনা হইয়াছে। ভারত সরকার এই ব্যাপারে একটি বিজ্ঞপ্তি প্রচার করিবেন।

নয়া পয়সার বয়স এখন সাত। পুরাপুরি ব্রোঞ্জে তৈয়ারী ১৯৫৭ সালের ১লা এপ্রিল হইতে দশমিক মুদ্রা চালু হয়। ক্রমান্বয় আয়তন হারাইতে হারাইতে ঐদিন হইতে পয়সার কপালে এই উপসর্গটিও জোটে। বিলটি গৃহীত হইলে ১লা জুন উহা আবার পুরানো নাম ফিরিয়া পাইবে।

---

## এম পি-দের বেতন বৃদ্ধি

গত ২৪শে এপ্রিল লোকসভা সদস্যগণ তাঁহাদের বেতন বৃদ্ধির উদ্দেশ্যে আনীত একটি বিল বিপুল ভোটাধিক্যে অনুমোদন করেন। মন্ত্রীগণ ভোটাভুটিতে অংশ গ্রহণ করেন নাই। কম্যুনিষ্ট ও সমাজতন্ত্রী সদস্যগণ বেতন বৃদ্ধির প্রস্তাবের বিরোধিতা করেন। শ্রীরঘুনাথ সিং (কং—উত্তর প্রদেশ) বিলটি উত্থাপন করেন। এই বিল অনুসারে সংসদ-সদস্যদের মাসিক বেতন ৪০০ টাকা হইতে ৫০০ টাকায় বৃদ্ধি পাইবে এবং দৈনিক ভাতাও ২১ টাকা হইতে বাড়িয়া ৩১ টাকা হইবে।

---

## শোক সংবাদ

বিগত ৮ই বৈশাখ মঙ্গলবার রঘুনাথগঞ্জের নিকটবর্ত্তী সুজাপুর গ্রামের মহম্মদ মুসা সাহেব নশ্বর মানবদেহ ত্যাগ করিয়া কাম্যধামে গমন করিয়াছেন। তাঁহার বয়স ৬৫ বৎসর হইয়াছিল। তিনি বিধবা স্ত্রী, তিন পুত্র, পাঁচ কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তিনি দীর্ঘ ৩০ বৎসরকাল জঙ্গিপুর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সুপারভাইজার পদে কার্য্য করিয়াছেন। তাঁহার ঐকান্তিক চেষ্টায় সুজাপুর প্রাথমিক বিদ্যালয়ের গৃহ, সুজাপুর পাকা মসজিদ ও ঈদগা এবং চড়কা জামে রাজ্জাকিয়া মাদ্রাসার গৃহ নির্ম্মিত হইয়াছে। তিনি স্থানীয় বহু জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## নূতন পোষ্ট অফিস

কিছুদিন হইতে সুতী থানার বংশবাটী গ্রামে পোষ্ট অফিস খুলিয়াছে। এই অফিস হইতে বংশবাটী, আলোয়ানী, ডাঁই, রাতুরী, কালীনগর গ্রাম সমূহের চিঠিপত্র, পার্শেল, মনিঅর্ডার ও রেজেষ্ট্রী পত্রাদি বিলি হইবে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই মে, ১৯৬৪

১৯৬৩ সালের ডিক্রীজারী

৩৫ মনি ডিঃ চাম্পালাল সেরাওগী দেং গণপতি মণ্ডল দিং দাবি ১৪০'৪২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দিয়াড় রাণীনগর ১২ শতকের কাত ১'৮৭ নঃ পঃ আঃ ৪০৲ খং ২৯৬ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৭২ শতকের কাত ১।৯ আঃ ১৫০৲ খং ১৫৮ ঐ স্বত্ব

---

## সাধারণের জ্ঞাতব্য

আমার ভ্রাতা মাঙ্গীলাল জৈনের ১৬১/১, মহাত্মা গান্ধী রোডে ১৯নং রুমে কোন ব্রাঞ্চ নাই। উক্ত ঠিকানায় জিনেন্দ্রকুমার পবনকুমার নামে যে ফার্ম্ম আছে তাহার আমি একমাত্র মালিক।

শ্রীকেশরীমল জৈন

২৮-৪-৬৪ সাং মির্জাপুর, গনকর (মুর্শিদাবাদ)

---


## গ্রাম ও অঞ্চল পঞ্চায়তের

**সর্ব্বপ্রকার ফরম ও রেজিষ্টারের**

উপর প্রতি টাকায় ৩৫ নয়া পয়সা হারে কমিশনের সুযোগ গ্রহণ করুন।

**বান্ধব প্রেস—খাগড়া**

ফোন—বহরমপুর-২৭


---


## পাকা বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় বাজারের নিকট সদর রাস্তার পার্শ্বে দোতালা বাড়ী বিক্রয় হইবে। অনুসন্ধান করুন। ম্যানেজার—

৺ধীরেন্দ্রনাথ রায়ের এষ্টেট

কাঞ্চনতলা, পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ।




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

# কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)